

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে প্রাথমিক ভর্তির আবেদন ফরম ও
“সোনালী ই-সেবা” মোবাইল অ্যাপ এর মাধ্যমে ফি জমাদানের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

অনার্স বিষয়সমূহঃ	বিএ (সম্মান)	ঃ Bangla, English, History, Islamic History & Culture, Philosophy
	বিএসএস (সম্মান)	ঃ Political Science, Sociology, Social Work, Economics
	বিবিএ (সম্মান)	ঃ Marketing, Finance, Accounting, Management
	বিএসসি (সম্মান)	ঃ Physics, Chemistry, Botany, Zoology, Geography, Psychology, Statistics, Mathematics

- ১। আবেদন ফরম পাওয়া যাবে : www.nu.ac.bd/admissions তে ১৮/০৮/২০২১ খ্রি. তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত।
২। পূরণকৃত ফরমের ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে ফি ‘সোনালী ই-সেবা’ মোবাইল অ্যাপ-এর মাধ্যমে জমা ১৯/০৮/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত।

৩। ভর্তির আবেদন ফরম পূরণের যোগ্যতাঃ

- ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি/ সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ-২.৫ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।
খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি/ সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ- ৩.০ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।
গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র এইচ এস সি ভোকেশনাল, বিজনেজ ম্যানেজমেন্ট ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ৩ এর খ নং শর্তসাপেক্ষে আবেদন করতে পারবে।
ঘ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ ভর্তিযোগ্য (Eligible) বিষয় হিসেবে নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয় (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।
ঙ) ২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০ সালের এ লেভেল পরীক্ষায় একটি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তসাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। অনুরূপভাবে বিদেশী সার্টিফিকেট ধারী প্রার্থীদের ক্ষেত্রেও সমতা নিরূপণ করে নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে হবে।
চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল/ স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট ভর্তিকৃত কোনো শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে সে সকল শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।
ছ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

- ৪। ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) এ Honours tab এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯.০৭.২০২১ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী তথ্য সংযোজন করতে হবে।
খ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/ শোষ্য কোটার ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে প্রযোজ্য ক্ষেত্রে কোটা সিলেট করতে হবে। কোটার আবেদনের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে।
গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে অনলাইনে আবেদন ফরম পূরণের সময় ১২০×১৫০ Pixels, Image Type: Jpg এবং maximum file size: 50kb সংযুক্ত করে তা A₄ (৮.৫ ইঞ্চি×১১ইঞ্চি) সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে।
ঘ) পূরণকৃত প্রাথমিক আবেদন ফরমে কোনো তথ্য গড়মিল হলে এ জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থী দায়ী থাকবে।

- ৫। প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ‘সোনালী ই-সেবা’ মোবাইল অ্যাপ এর মাধ্যমে জমা দিতে হবে। এজন্য শিক্ষার্থীদের Google Play Store থেকে Sonali eSheba অ্যাপটি Install করতে হবে। এ সম্পর্কিত নির্দেশিকা সংযুক্ত করা হলো। শিক্ষার্থীদেরকে নির্ধারিত সময়ের মধ্যেই Sonali eSheba মোবাইল অ্যাপ-এর মাধ্যমে ফি পরিশোধের নির্দেশ দেয়া হলো। আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি/ পিডিএফ কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে। অনলাইনে পেমেণ্টের রশিদসহ কলেজে আবেদন ফরমের মূল কপি জমা দেয়ার জন্য তারিখসহ বিজ্ঞপ্তি জানানো হবে। যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানতে পারবে।

- ৬। কলেজের নাম- Govt. Brajalal (BL) College, Khulna কলেজ EINN নম্বরঃ 116954
৭। অনলাইন ক্লাস শুরুঃ ১৫/০৯/২০২১ খ্রি. তারিখ বুধবার।
৮। সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারী সম্পর্কিত সকল স্বাস্থ্য বিধি মেনে অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৪.০৮.২০২১ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী সময় বর্ধিত করা হলো।
ভর্তি বিজ্ঞপ্তি এবং ফি জমাদানের নির্দেশিকা কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

Sweety
14.8.2021
(প্রফেসর শরীফ আতিকুল্লাহান)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
১৪/৮/২০২১